



সামাজিক যোগাযোগমাধ্যমে বিতর্কিত আতাউর রহমান বিক্রমপুরী আটক



সংগৃহীত ছবি

সামাজিক যোগাযোগমাধ্যমে উসকানিমূলক বক্তব্য ও বিতর্কিত পোস্টের কারণে আলোচনায় থাকা আতাউর রহমান বিক্রমপুরীকে গ্রেফতার করেছে পুলিশ। নরসিংদী থেকে তাকে আটক করে গাজীপুর মহানগর পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

ডিএমপি জানায়, গাজীপুর মহানগর পুলিশের (জিএমপি) অনুরোধের ভিত্তিতে অভিযান চালিয়ে বিক্রমপুরীকে গ্রেফতার করা হয়। আটকের পর তাকে আনুষ্ঠানিকভাবে জিএমপির কাছে হস্তান্তর করা হয়েছে। পুলিশ জানিয়েছে, প্রাথমিক আইনগত প্রক্রিয়া শেষে তাকে দ্রুত আদালতে হাজির করা হবে।

গত কয়েকদিন ধরে নিজের ফেসবুক পেজে ধারাবাহিকভাবে বিভিন্ন উসকানিমূলক ও বিতর্কিত বক্তব্য পোস্ট করে আসছিলেন বিক্রমপুরী। বিশেষ করে গণমাধ্যমে হামলার পক্ষে যুক্তি তুলে ধরা এবং আইনশৃঙ্খলা বাহিনীকে কটাক্ষ করে দেওয়া পোস্টগুলো সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক সমালোচনার জন্ম দেয়।

সম্প্রতি ওসমান হাদী হত্যাকাণ্ডের ঘটনায় জড়িতদের গ্রেফতার না করতে পারায় পুলিশের ভূমিকা নিয়েও ব্যঙ্গাত্মক মন্তব্য করেন তিনি। একাধিক পোস্টে সহিংসতার ইঙ্গিতপূর্ণ ভাষা ব্যবহার করে তিনি লেখেন, “গানম্যান লাগবে কি না”—এমন মন্তব্য, যা নতুন করে উদ্বেগ ও বিতর্ক সৃষ্টি করে।

পুলিশ বলছে, সামাজিক যোগাযোগমাধ্যমে দায়িত্বজ্ঞানহীন বক্তব্য ও সহিংসতায় উসকানির বিষয়গুলো খতিয়ে দেখা হচ্ছে। প্রাথমিক তদন্ত শেষে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।